

পরীক্ষা দিয়েছিলেন। তার সঙ্গে পরীক্ষা দিয়েছিলেন দেশের অন্যান্য প্রান্ত থেকে আরও তিনজন মহিলা। একমাত্র তিনিই উত্তীর্ণ। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে শারীরিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণ হন ডুবনেথেরে। এখন দিল্লিতে প্রশিক্ষণ চলাছে। চলবে ৯ জুন পর্যন্ত। সেদিনই সন্দের বিমানে দমদমে নিজের বাড়িতে ফিরবেন।

সারদা বিদ্যামন্দিরের প্রাক্তনী, রামমোহন কলেজ থেকে উদ্ভিদবিদ্যা নিয়ে বিজ্ঞানে স্নাতক। স্নাতকোত্তর ডিগ্রিও উদ্ভিদবিদ্যায়। তাঁর ফেসবুক প্রোফাইলে অজস্র ফুল-লতা-পাতার সমাহার। উদ্ভিদবিদ্যা থেকে একেবারে আশুন নেভানোর মতো কঠিন পেশা বেছে নেওয়ার পেছনে তাঁর মত, কঠিন কোনও কিছুর মুখোমুখি হতে আমি বরাবরই ভালবাসতাম। বাঙালি পরিবারে বড় হওয়ার জন্য নাচ, গান, আঁকা সবই তালিম নিয়েছিলেন।

করার সঙ্কল্প নিয়েছেন। কঠিন খুব কঠিন। সকাল ৬টা থেকে প্যারেড দিয়ে দিন শুরু। এরপর ট্রেনিং, থিওরি সব শেষ করতে করতে বিকেল ৫টা। টানা প্রশিক্ষণের কোনও ক্রান্তি নেই। বললেন, আমি আমার বাড়ির অসাধারণ সাহায্য পেয়েছি। স্কুল-কলেজের যে কোনও অনুষ্ঠানে এক ডাকেই অংশগ্রহণ করতেন। আঁকায় প্রচুর পুরস্কার পেয়েছেন। এখন ফায়ার ফাইটিং স্টাট পরে দাউদাউ আশুনের মুখোমুখি হয়ে কীভাবে সামলাতে হয়, তা-ই শিখছেন।

তিনি বলছেন, ভারতীয় বিমানবন্দর কর্তৃপক্ষ গত বছর যখন বিজ্ঞাপন দেয়, সেটা আমার চোখে পড়ে। তখনই আবেদন করি। এবং সফল হই।

বটানির ছাত্রী থেকে আশুনের শিখার মুখোমুখি হওয়া— কেমন লাগছে? জানিয়া হাসলেন। বললেন, খুব ভাল!

চালকের তৎপরতায় কোনও মতে হাতে বিজেপি-র দলীয় পতাকা ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন।

## গুরুত্বপূর্ণ গোল্ডেন আওয়ার

আজকালের প্রতিবেদন

রাস্তাঘাটে দুর্ঘটনা এখন নিত্যদিনের ব্যাপার। ভারতের বিভিন্ন শহরের মতো কলকাতাতেও পথ-দুর্ঘটনায় মৃত্যুর হার অনেক বেশি। কলকাতায় ১০০টি দুর্ঘটনা ঘটলে ৫২ জনের মৃত্যু হয়। যদি 'গোল্ডেন আওয়ার' বা সোনালি সময়ের মধ্যে যথাযথ চিকিৎসা শুরু করা যায়, তাহলে মস্তিষ্কে গুরুতর ক্ষতির ফলে মৃত্যু অনেকটাই কমানো যাবে বলে মত বিশেষজ্ঞদের। দুর্ঘটনার পর বিনা চিকিৎসায় গোল্ডেন আওয়ার পেরিয়ে যাওয়ায় মৃত্যুর সংখ্যা বাড়ছে বলে মনে করছেন অ্যাপোলো হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক অরিন্জিৎ

বসু। বলেন, 'গুরুতর আহত ব্যক্তিকে কী ধরনের চিকিৎসা দিতে হবে অনেকেই জানেন না। গোল্ডেন আওয়ারের মধ্যে চিকিৎসা শুরু না করার ফলে মস্তিষ্কের একটা অংশ অসাড় হয়ে পড়ছে।' নিউরো সার্জেন কৌশিক শীল বলেন, 'মস্তিষ্কের ক্ষতি আটকাতে দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তিকে কাছাকাছি যে কোনও হাসপাতালে নিয়ে আগে চিকিৎসা করাতে হবে। সময় নষ্ট না করে যথাযথ ইনটেনসিভ কেয়ার, নিউরো, ফিজিওথেরাপি চিকিৎসা পেল রোগী সুস্থ হয়ে ওঠেন। মাত্র ১৫-২০ শতাংশের ক্ষেত্রে অস্ত্রোপচারের প্রয়োজন হয়। সঠিক সময়ের মধ্যে হাসপাতালে না পৌঁছানোর ফলে জীবন হারাতে হচ্ছে অনেককে।'

সন্ধান চাই



সন্ধান চাই



### পশ্চিমবঙ্গ সরকার খাদ্য ও সরবরাহ বিভাগ বিজ্ঞপ্তি

১৬ই এপ্রিল ২০১৮ থেকে কেন্দ্রীয় সরকার আবার কেরোসিন তেলের ভর্তুকি যুক্ত দাম লিটার প্রতি ২৫ পয়সা বাড়িয়েছেন। এর ফলে, স্থানীয় বিক্রেতার কাছে এপ্রিল মাসের প্রাপ্য নীল কেরোসিন

### গোবিন্দ সুগার মিলস লিমিটেড

CIN: L15421WB1952PLC020577  
রেজিঃ অফিস: ৯/১, আর এন মুখার্জি রোড  
কলকাতা- ৭০০ ০০১  
Email: ig.gsml@adventz.com  
Web: www.gobindsugar.com

সেবি (লিফ্টিং অবলিগেশনস) আন্ড ডিসক্রোজার রিকয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ('লিফ্টিং রেগুলেশনস')-এর রেগুলেশনস ২৯ এবং ৩৩-সহ পঠনীয় রেগুলেশন ৪৭ অনুযায়ী এতদ্বারা বিজ্ঞপিত করা যাচ্ছে যে, অন্যান্য বিষয়ের মধ্যে ৩১ মার্চ, ২০১৮ সমাপ্ত তিন মাস এবং বছরের জন্য কোম্পানির পূর্ণাঙ্গিত্ব হিসাব এবং আর্থিক ফলাফল বিবেচনা, অনুমোদন এবং নথিভুক্ত করতে যথার্থ, ০২ মে, ২০১৮ তারিখে কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্স-এর একটি সভা অনুষ্ঠিত হবে। এছাড়া কোম্পানি সাধারণভাবে ফলাফল পাওয়ার পরে ২৪ এপ্রিল, ২০১৮ থেকে ০৪ মে, ২০১৮ অর্থাৎ ৪৮ ঘণ্টা ট্রেডিং উইন্ডো বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। লিফ্টিং রেগুলেশনস-এর ৪৬ রেগু-এর প্রয়োজনীয় শর্ত অনুযায়ী এই নোটিস কোম্পানির ওয়েবসাইট www.gobindsugar.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট: www.mse.i.in-তে পাওয়া যাবে।

গোবিন্দ সুগার মিলস লিমিটেড-এর পক্ষে  
স্থান: গুরুত্বম লক্ষণ আগরওয়াল  
তারিখ: ২০.০৪.২০১৮ কোম্পানি সেক্রেটারি

Welcome you to  
**27th Career Fair**  
organized by AFAIRS on  
**24th April, 2018**  
**Ice Skating Rink**  
**78, Syed Amir Ali Avenue**  
**Ballygunge, Kolkata**  
(Landmark: Adjacent to Modern High School and near Birla Industrial & Technological Museum)  
**11 am to 7 pm**

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ দখল বিজ্ঞপ্তি